এদিকে গত ২ আগষ্ট সোমালিয়ার হাইরান রাজ্যে একটি তীব্র লড়াই সংঘটিত হয় হারাকাতুশ শাবাব ও সোমালি গাদ্দার সেনাদের মধ্যে। যেখানে হারাকাতুশ শাবাব নিয়ন্ত্রিত রাজ্যের মাতবান এবং মাহাস শহরের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করে সোমালি বাহিনী। এসময় হারাকাতুশ শাবাব মুজাহিদিন গাদ্দার বাহিনীকে টার্গেট করে তীব্র হামলা চালান। ফলে মোগাদিশু কেন্দ্রীক সোমালি গাদ্দার বাহিনী যুদ্ধের ময়দান ছেড়ে পালিয়ে যায়। তবে ততক্ষণে হারাকাতুশ শাবাব যোদ্ধাদের তীব্র হামলায় ১৯ এরও বেশি গাদ্দার সৈন্য হতাহত হয়।

সার্বিক পরিস্থিতি ও বিভিন্ন হামলার ফলাফল বিবেচনায় ইসলামি বিশ্লেষকগণ বলছেন, সোমালিয়া ও পূর্ব আফ্রিকার বিস্তীর্ণ ভূমি জুড়ে খুব শীঘ্রই একটি শক্তিশালী ইসলামি ইমারত প্রতিষ্ঠা করতে যাচ্ছে হারাকাতুশ-শাবাব। এর ঘোষণা কেবল কৌশলগত কারণেই স্থগিত রাখা হয়েছে বলে মনে করেন তাঁরা। নতুবা গাদ্দার-ক্রুসেডার জোট বর্তমানে আশ-শাবাবকে ঠেকিয়ে রাখার মতো অবস্থানে নেই বলে মত তাদের।

পশ্চিমবঙ্গে এক সপ্তাহের ব্যবধানে জেলখানায় ৪ মুসলিম খুন

হিন্দুত্ববাদী ভারতে কারাগারগুলোও মুসলিমদের জন্য সাক্ষাৎ মৃত্যুকূপে পরিণত হয়েছে। হিন্দুত্ববাদী প্রশাসন মিথ্যে অভিযোগ তুলে মুসলিমদের জেলে নিয়ে যাচ্ছে, পরে সেখানে নির্মম নির্যাতন চালিয়ে মুসলিমদের খুন করছে। ভারতজুড়ে মুসলিম বিদ্বেষ বেড়ে যাওয়ায় জেলগুলোতে মুসলিমদের খুন করার সংখ্যা চোখে পরার মত।

মাত্র গত ১০ দিনে পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার বারুইপুর সেন্ট্রাল কারেকশনাল হোমে বিচার বিভাগীয় হেফাজতে - আব্দুল রাজ্জাক, জিয়াউল লস্কর, আকবর খান এবং সাইদুল মুন্সি নামে চারজন মুসলিম ব্যক্তি খুন হয়েছেন হিন্দুত্ববাদী পুলিশের হাতে।

গত জুলাইয়ের শেষ সপ্তাহে এই চারজনকে পশ্চিমবঙ্গ হিন্দুত্ববাদী পুলিশ পৃথক মিথ্যে মামলায় তুলে নিয়েছিল। চারজন নিহত ব্যক্তির পরিবারই তাদের মৃত্যুর কারণ সম্পর্কে পুলিশী নির্যাতনকে দায়ী করেছেন। তারা স্পষ্টভাবে বলেছেন, যে তাদের নির্মমভাবে নির্যাতন করে খুন করেছে হিন্দুত্ববাদী বাহিনী।

হিন্দুত্ববাদী প্রশাসন নিজেদের দোষ লুকাতে এখন পর্যন্ত পোস্টমর্টেম রিপোর্টও দিচ্ছে না। পুলিশ এই চারজনের মৃত্যুকে "কাকতালীয়" ঘটনা বলে চালিয়ে দিতে চাইছে।

জনাব জিয়াউল লস্কর :

২৫ জুলাইয়ের ঘটনা। জিয়াউল লস্কর যিনি সুবাস পল্লীতে থাকতেন, এবং কাছাকাছি বারুইপুরে অটোরিকশা চালক হিসাবে কাজ করতেন। এদিন তিনি আর কাজ শেষে বাড়ি ফেরেননি। ৩৫ বছরের বয়সী লস্কর বাড়িতে না আসায় তার পরিবার উদ্বিগ্ন হয়ে পরের দিন সকালে তাকে খুঁজতে বের হয়। পরে তারা জানতে পারেন যে, তাকে ডাকাতির ষড়যন্ত্র করার মিথ্যে মামলা দিয়ে গ্রেফতার করা হয়েছে। লস্করের পরিবার জানায় যে, গ্রেপ্তারের দিন এবং পরের দিন বারুইপুর থানার ভিতরে তাকে গুরুতরভাবে মারধর ও লাঞ্ছিত করা হয়েছে। পরদিন তাকে আদালতে তোলা হয়, সেখান থেকে তাকে কারাগারে পাঠানো হয়।

জিয়াউল লস্করের বড় বোন সাবেরা বিবি বলেন, "মৃত্যুর তিন-চার দিন আগে সে আমার ফুফুর সঙ্গে দেখা করেছিল। দেখা করার সময় কাঁদছিলেন এবং বলেছিলেন যে তাকে লাঞ্ছিত করা হচ্ছে। তার শরীরে ক্ষত ও আঘাতের চিহ্ন ছিল।"

জিয়াউলের পরিবার বলেছেন, পুলিশ তাকে ১ আগস্ট খুন করেছে। পরে আনুষ্ঠানিকভাবে ২ আগস্টে তাকে মৃত ঘোষণা করে। আদালতে সাবেরা বিবির প্রতিনিধিত্বকারী অ্যাডভোকেট তনয় ভট্টাচার্য জানান, লস্করের সাথে গ্রেপ্তার হওয়া অন্য দুই ব্যক্তি - সুরজিৎ হালদার এবং রবিউল হালদার - বলেছে, যে লস্কর অধিক নির্যাতনের কারণে মারা গেছে।

জনাব আব্দুর রাজ্জাক :

৩৪ বছর বয়সী জনাব আব্দুর রাজ্জাক দুই মেয়ের বাবা। একটি পোল্ট্রি ব্যবসা চালাতেন যার জন্য তিনি প্রায়ই বিহারে যেতেন। আব্দুর রাজজাকের স্ত্রী সুহানা বিবি জানান, "২৪ জুলাই সিভিল ড্রেস পরা চারজন লোক আমার বাড়িতে এসে আব্দুর রাজজাকের খোঁজ নেয়। পরদিন তাকে আটক করে কারাগারে পাঠায়। আমি ২৭ জুলাই তার সাথে দেখা করেছি এবং সে সম্পূর্ণ সুস্থ স্বাভাবিক ছিল। কিন্তু ২৯শে জুলাই দুপুর ১টার দিকে একজন পুলিশ আমাদের বাড়িতে এসে আমাদের জানায় যে আব্দুর রাজজাকের অবস্থা আশঙ্কাজনক এবং আমাদের হাসপাতালে যেতে হবে।"

পরে আব্দুর রাজ্জাকের চাচা সিরাজুল রাজ্জাক বলেন, "হাসপাতালে পৌছালে দেখি রাজ্জাক মারা গেছে। আমরা এর বিচার চাই। আমি এই আইনের উপর বিশ্বাস রাখতে পারছি না। আমরা এই খুনের মামলা লড়তে চাই না। এখন কি হবে এই মেয়েদের ও তাদের মায়ের? কে তাদের দেখভাল করবে।"

জনাব আকবর খান

অ্যাডভোকেট আসফাক আহমেদের, যিনি জনাব আকবর খানের উকিল, তিনি জানান- একটি সন্দেহভাজন ডাকাতি মামলার আসামি আকবর খান বিচার বিভাগীয় হেফাজতে ২ আগস্ট মারা যান। ঐ আইনজীবী বলেছেন যে, আকবর খানের শরীরে নির্যাতনের চিহ্ন ছিল এবং পরিবারকে এখনও পোস্টমর্টেম রিপোর্ট দেওয়া হচ্ছে না।

জনাব সাইদুল মুন্সী

তার পরিবার জানায়, ৩৩ বছর বয়সী সাইদুল মুন্সিকে ২৫ জুলাই মহেশতলা পুলিশ তার বাড়ি থেকে তুলে নিয়ে যায়। পরিবারের দাবি, গ্রেপ্তারের দিনই তাকে প্রচুর লাঞ্ছিত করা হয়। একদিন পর তাকে বারুইপুর জেলে পাঠানো হয়।

সাইদুলের বড় বোন সালমা বলেন, পুলিশী নির্যাতনে গুরুতর আহত হয়ে পরায় "১ আগস্ট তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল, কিন্তু আমাদের পরিবারকে জানানো হয়নি। আমরা শুধুমাত্র ২ আগস্ট এই বিষয়ে জানতে পেরেছি। পুলিশ যখন একটি নথিতে স্বাক্ষর নিতে আসে, তখন বাড়িতে কোনও প্রাপ্তবয়স্ক ছিল না। নথিতে কী বলা হয়েছে তা আমরা জানতে পরিনি। তবে পুলিশ আমার ছোট বোনকে স্বাক্ষর করতে বাধ্য করে। ৩ আগস্ট

তাকে মৃত ঘোষণা করা হয়। পুলিশ ছাড়া কারাগারে কারা তাকে এমন অবস্থা কে করেছে আমরা জানি না, তবে তিনি কারাগারে থাকা অবস্থায় নির্যাতনেই মারা গেছেন। আঘাতের কারণে তার মুখ দেখেও চেনা যাচ্ছিল না।

‘মুসলমানদের প্রতি পৈশাচিক আচরণ’

চারজন সুস্থ মুসলিম ব্যক্তি বারুইপুর জেলে বন্দী থাকা অবস্থায় মাত্র এক সপ্তাহের মধ্যে একের পর এক মারা গেছেন। এ নিয়ে এখনো কোনো গণতান্ত্রিক দল বা মানবাধিকার সংগঠন এগিয়ে আসেনি, প্রতিবাদটুকু জানায়নি। অথচ, স্থানীয় মুসলিমরা তাদেরকে নিজেদের নেতা মনে করে। কিন্তু আজ পর্যন্ত তারা কোন মুসলিমের বিপদাপদে পাশে দাঁড়ায়নি। মুসলিমদের বোঝা উচিৎ, ঐ কথিত সেক্যুলাররা বা 'পসাম্প্রদায়িকতা'র মুখোশ পড়া হিন্দুরা ভোট পাওয়ার জন্য মুখে যত কথাই বলুক, তারা কখনোই মুসলিমদের কোন উপকারে আসবে না। এই বাস্তবতা মেনে ইসলামি বিশ্লেষকগণ মুসলিমদেরকে প্রকৃত বন্ধু আর সুবিধাভোগী কে - তা চিনে রাখতে বলেছেন। পাশাপাশি অনাগত ভবিষ্যতের বিপদ মকাবেলায় প্রস্তুত থাকার আহব্বানও জানিয়েছেন।

প্রতিবেদক : মাহমুদ উল্লাহ

তথ্যসূত্র:

----

1. Deaths of Four Muslim Men in One Week in the Same Jail Is ‘a Coincidence’, Claim WB Police - https://tinyurl.com/mr9sakyj

2. https://tinyurl.com/mryzsj4a

কেনিয়া | আশ-শাবাবের পৃথক অভিযানে গোয়েন্দা সহ ১৮ ক্রুসেডার নিহত

পূর্ব আফ্রিকার দেশ কেনিয়ায় দেশটির ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধে ধারাবাহিক অভিযান পরিচালনা করছেন সশস্ত্র ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যাতে দেশটির অসংখ্য ক্রুসেডার সৈন্য নিহত এবং আহত হচ্ছে।

সেই ধারাবাহিকতায় গত ৭দিনে দেশটিতে ১৭টি পৃথক অপারেশন পরিচালনা করছেন ইসলামি প্রতিরোধ বাহিনী আল-কায়েদার পূর্ব আফ্রিকান শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন।

সর্বশেষ গতকাল ৮ আগষ্ট দুপুরে দলটির প্রতিরোধ যোদ্ধারা কেনিয়ার মান্দিরা অঞ্চলে সফল অভিযান পরিচালনা করেন। অভিযানটি রাজ্যটির ইলি জেলায় কেনিয়ার বাহিনীর একটি ঘাঁটি লক্ষ্য করে চালানো হয়েছিল। সরকারি সূত্র মতে, আশ-শাবাবের উক্ত হামলায় ক্রুসেডার বাহিনীর ৬ সৈন্য হতাহত হয়েছে।

এই অভিযানের একদিন আগে কালবায়ু শহরে কেনিয়ান সেনাদের অন্য একটি ঘাঁটিতে হামলা চালান মুজাহিদগণ। যাতে অন্তত ৮ ক্রুসেডার সেনা হতাহত হয়।

এর আগে গত ২ আগষ্ট কেনিয়ান বাহিনীর বিরুদ্ধে ২টি সফল অভিযান পরিচালনা করেন মুজাহিদগণ। যার প্রথমটি চালানো হয় মান্দিরা রাজ্যের আইল-রামু এলাকায়। যেখানে ক্রুসেডার বাহিনীর একটি সামরিক ঘাঁটি লক্ষ্য করে হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ৫ সেনা নিহত এবং আরও ৩ সেনা গুরুতর আহত হয়।

একই তারিখে 'ইলওয়াক' শহরের উপকণ্ঠে আরও একটি বীরত্বপূর্ণ অপারেশন পরিচালনা করেন মুজাহিদগণ। যেখানে আশ-শাবাব যোদ্ধারা কেনিয়ান গোয়েন্দা সংস্থার বেশ কিছু সদস্যের উপস্থিতির তথ্যের ভিত্তিতে অভিযান চালান। ফলে উক্ত অভিযানে কেনিয়ান দুই গোয়েন্দা সদস্য মুজাহিদদের হাতে নিহত হয় এবং বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়।

সোমালিয়ার পর ইথিওপিয়া ও কেনিয়ায় বিস্তীর্ণ অঞ্চলে নিয়ন্ত্রণ বৃদ্ধি ও অভিযান পরিচালনা পূর্ব আফ্রিকা অঞ্চলে আশ-শাবাবের শক্তিমত্তার জানান দিচ্ছে। পাশাপাশি এই অঞ্চলের মুসলিমরা যে পশ্চিমা-জোট ও তাদের ব্যর্থ গনতন্ত্রকে প্রত্যাখ্যান করে ইসলামের ছায়াতলে নিরাপত্তাবোধ করছে, সেটাও এখন প্রমাণিত সত্য বলে মনে করেন বিশ্লেষকগণ।

গোয়েন্দা পুলিশের পোশাক পরিবর্তন নাটক : বিশেষজ্ঞদের মতামত

বাংলাদেশ পুলিশের মানবাধিকার লঙ্ঘন ও সন্ত্রাসী কার্যক্রম এখন ওপেন সিক্রেট। রক্ষক নামের এই ভক্ষক বাহিনী এমন কোন অপরাধ নেই যা করেনি। গুম, খুন, সন্ত্রাসী, চাঁদাবাজি, ধর্ষণ এবং পাচারসহ সকল অপরাধের সাথে জড়িত এই রাষ্ট্রীয় সন্ত্রাসী বাহিনী। কখনো নিজেরা বা কখনো ভাড়াটে লোক দ্বারা সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করে হাতিয়ে নিয়েছে মোটা অংকের টাকা।

সম্প্রতি নিজেদের সন্ত্রাসী কার্যক্রম আড়াল করতে নতুন কৌশল অবলম্বন করেছে সংস্থাটি। পুলিশের গোয়েন্দা বিভাগের (ডিবি) পরিচয় দিয়ে অপরাধ ঠেকাতে নতুন পোশাক চালু করেছে দাবি সংস্থাটির।

গত ১ আগস্ট ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে নতুন পোশাক ব্যবহারের বিষয়টি জানায় ডিবির অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ। এই হারুন অর রশিদ নিজেই অর্থপাচারের অভিযোগে অভিযুক্ত; পুলিশ বিভাগের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত অফিসার হিসেবেও তার দুর্নাম রয়েছে।

সংবাদ সম্মেলনের আগে মিন্টো রোডে ডিবি কার্যালয়ে ডিবি পরিচয়ে ডাকাতির সাথে সংশ্লিষ্ট ছয় ডাকাতকে সাংবাদিকদের সামনে হাজির করা হয়।

ছাই রংয়ের নতুন এই পোশাকে রয়েছে কুইক রেসপন্স (কিউআর) কোড যা মোবাইল ফোনের মাধ্যমে স্ক্যান করলেই আসামি ধরতে যাওয়া পুলিশ কর্মকর্তার পরিচয় জানা যাবে। পুরানো পোশাকের রং কিছুটা পিত রংয়ের এবং পেছনে ডিবি লেখা ছিল।

‘পোশাক বদলে কাজ হবে না’

তবে মানবাধিকার কর্মী এবং সংশ্লিষ্টরা বলছেন, অপরাধ ঠেকাতে পোশাক পরিবর্তন কোনো কাজে আসবে না।

আইন ও সালিশ কেন্দ্রের সাবেক নির্বাহী পরিচালক নূর খান সোমবার গণমাধ্যমকে বলেন, 'ভুয়া ডিবি পরিচয়ে অপরাধ বন্ধ করতে ডিবি পোশাক পরিবর্তনের যে কথা জানিয়েছে, সেটি আসলে শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টা ছাড়া কিছু নয়। তারা যাকে খুশি তাকে উঠিয়ে নিয়ে গেছে, আটক রেখেছে, হত্যা করেছে, নির্যাতন করেছে—এগুলো আমরা দেখেছি।'

তিনি বলেন, 'তারা আটকের সময় কাউকে পরিচয় দেওয়ার প্রয়োজন বোধ করে না। এভাবে তারা সারাদেশে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করেছে। সে কারণে অপরাধী ডিবি ব্র্যান্ড ব্যবহার করার কৌশল অবলম্বন করেছে।'

নূর খান আরও বলেন, "ভুয়া ডিবি সদস্যদের কথা বলে ডিবি তাদের অতীত এবং বর্তমান কৃত অপকর্মের দায় তাদের ওপর চাপাতে চাইছে। তারা বলতে চাচ্ছে, 'আমরা কোনো অপরাধ করিনি'।... এগুলো না করে উচিত, তাদের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগগুলো তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা। যারা ডিবির নাম ব্যবহার করে অপকর্ম করেছে তাদের সংস্থাটি থেকে বের করে দেওয়া হোক।"

নূর খান বলেন, 'ডিবি বলছে, নতুন পোশাকে কিউআর কোড থাকবে এবং মানুষ অ্যাপের মাধ্যমে আসামি ধরতে যাওয়া ব্যক্তিদের পরিচয় জানতে পারবেন। এটি একটি অবাস্তব ধারণা। ডিবির সদস্যরা যখন কাউকে ধরতে যায়, তারা কাউকে তোয়াক্কা না করে, জোর করে মানুষকে ধরে নিয়ে আসে। ওই অবস্থায় কারো পক্ষে কি অ্যাপের মাধ্যমে কিউআর কোড ব্যবহার করা সম্ভব?'

তিনি বলেন, 'র‍্যাবের বিরুদ্ধে মার্কিন নিষেধাজ্ঞা জারির পর এখন পুলিশ তাদের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা চাপা দিতে বিভিন্ন ধরনের অপকৌশলের আশ্রয় নিচ্ছে। এটি সেই অপকৌশলের একটি অংশ বলে আমি মনে করি।'

‘সমস্যা পোশাকে নয়, মানসিকতায়’

ভুয়া ডিবির অপরাধ ঠেকাতে পোশাক পরিবর্তনের ধারণাকে 'স্থূল বুদ্ধির পরিচয়' হিসাবে আখ্যায়িত করে জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক মিজানুর রহমান। তিনি জানন, 'কোনো প্রতিষ্ঠানের নাম ব্যবহার করে অন্য কেউ অপরাধ করার কারণে সবাই যদি পোশাক পরিবর্তন করা শুরু করে তাহলে তো মুশকিল।'

তিনি বলেন, 'সমস্যা পোশাকে নয়। সত্য কথা বলতে কি, ডিবির ভেতরে সমস্যা না থাকলে এত সংখ্যক ভুয়া ডিবি সদস্য দেখা যেত না। ডিবির সদস্যদের সমস্যার কারণেই ভুয়া ডিবি এসেছে।'

তিনি বলেন, 'ডিবি সদস্যরা হরহামেশা যে কোনো মানুষকে তুলে নিয়ে যায়। ধরার পর স্বীকার করে না। এগুলো তো আমরা দেখছি। এগুলো বন্ধ করতে হবে।... সুতরাং, নিজেদের দুর্বলতা না কাটিয়ে পোশাক পরিবর্তন করে কিছু হবে না। এই পোশাক পরিবর্তনের কারণে পোশাক সরবরাহকারী ঠিকাদার এবং তাদের কাছের কিছু লোকজন আর্থিকভাবে লাভবান হবে। এর বাইরে আর কিছু হবে বলে মনে হয় না।'

অপরাধীরা সব সময় নিজেদের নিষ্পাপ দেখানোর চেষ্টা করে এটাই বাস্তবতা। কথিত গণতান্ত্রিক শাসনব্যবস্থায় পৃথিবীর কোন ভূখণ্ডেই দূর্নীতিমুক্ত ও স্বচ্ছ প্রশাসনিক ব্যবস্থার নজির নেই। মূল সমস্যা এই পশ্চিমা গণতান্ত্রিক শাসন ব্যবস্থার। ইসলামি শরিয়াহ ব্যাতিত যতদিন যত তন্ত্রমন্ত্র থাকবে পৃথিবীতে, ততদিন পৃথিবীবাসী শান্তির মুখ দেখবে না। দীর্ঘদিন ধরে এ কথা বলে আসছেন ইসলামি বিশেষজ্ঞরা।

প্রতিবেদক : ইউসুফ আল-হাসান

তথ্যসূত্র:
১। গোয়েন্দা পুলিশের নতুন ইউনিফর্ম, লক্ষ্য ডিবি পরিচয়ে অপরাধ ঠেকানো- https://tinyurl.com/3mvvrxdy

---

বেনিনে আল-কায়েদার কার্যক্রম পরিচালনার আনুষ্ঠানিক ঘোষণা

আল-কায়েদার পশ্চিম আফ্রিকান শাখা জামা'আত নুসরতুল ইসলাম ওয়াল মুসলিমিন (জেএনআইএম) সম্প্রতি একটি ভিডিও বার্তার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বেনিনে তাদের উপস্থিতি ঘোষণা করেছে।

গত দেড় বছর ধরেই বেনিনের উত্তরাঞ্চলে সামরিক অভিযান চালিয়ে আসছে আল-কায়েদা। যার কয়েকটির দায়ও স্বীকার করেছে প্রতিরোধ বাহিনীটি। তবে সেখানে দলটির সদস্যদের সরাসরি উপস্থিতি আছে কিনা তা ছিলো অজানা। মনে করা হতো, প্রতিরোধ যোদ্ধারা প্রতিবেশি দেশের সীমান্ত হয়ে দেশটিতে হামলা চালাচ্ছেন। তবে নতুন করে এই ঘোষণার মাধ্যমে 'জেএনআইএম' দেশে আনুষ্ঠানিক উপস্থিতির জানান দিয়েছে।

আয-যাল্লাকা মিডিয়াসূত্র কর্তৃক সরবরাহকৃত একটি ভিডিওতে দেখা যায়, জেএনআইএম বেনিনে তাঁর উপস্থিতি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেছে। যেখানে একজন প্রতিরোধ যোদ্ধাকে দেখা যায় 'বারিবি' (স্থানীয়) ভাষায় জনসাধারণকে সম্বোধন করে বক্তব্য দিচ্ছেন। গত রবিবার স্থানীয় ভাষায় প্রচারিত ভিডিওটিতে জনগণকে শরিয়াহ্ প্রতিষ্ঠার লড়াইয়ে শরিক হওয়ার জন্য প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম'এ যোগ দিতে বলা হয়।

ভিডিওতে প্রতিরোধ যোদ্ধাদের হাতে রাশিয়া-নির্মিত AK-103 এবং সার্বিয়া-নির্মিত Zastava M05E1 দেখা গেছে। এগুলো 'জেএনআইএম' যোদ্ধারা গাদ্দার মালিয়ান সেনাবাহিনীর কাছ গনিমত হিসাবে পেয়েছেন বলে মনে করা হচ্ছে।

অন্যদিকে আরও জানা গেছে যে, দেশটির উত্তরের কয়েকটি প্রো-জিহাদি দল ইতিমধ্যে জেএনআইএম নেতা শাইখ ইয়াদ আল-গালি (হাফি.) এর কাছে আনুগত্যের বাইয়াত করেছে।

যাইহোক, সাম্প্রতিক এই ঘোষণাটি এমন একটি সময়ের এসেছে, যখন আল-কায়েদার পশ্চিম আফ্রিকা শাখা সহযোগী জামা'আত নুসরতুল ইসলাম ওয়াল মুসলিমিন সমগ্র আফ্রিকাজুড়ে তাদের কার্যক্রম প্রসারিত করছে।

এই প্রেক্ষাপটে 'জেএনআইএম' মালি থেকে দক্ষিণে তাদের কার্যকলাপের ক্ষেত্র বাড়িয়েছে। এবং পশ্চিম আফ্রিকার অভ্যন্তর থেকে উপকূলরেখা পর্যন্ত সম্প্রসারণের কৌশল অনুসরণ করেছে।

সেই সূত্র ধরেই 'জেএনআইএম' মালি এবং বুরকিনা ফাঁসোর পর আইভরি কোস্ট, গিনি, সেনেগাল, ঘানা, টোগো এবং বেনিনের মতো দেশের সীমানার দিকে মনোযোগ নিবদ্ধ করছে।

আল-ফিরদাউস নিউজ বুলেটিন || আগস্ট ১ম সপ্তাহ, ২০২২ঈসায়ী
https://alfirdaws.org/2022/08/09/58442/

০৮ই আগস্ট, ২০২২

যুদ্ধবিরতির মধ্যেই টিটিপি'র শীর্ষস্থানীয় ৩ কমান্ডারকে শহীদ করল গাদ্দার পাকিস্তান

বিগত কয়েকমাস ধরেই আফগানিস্তানের রাজধানী কাবুলে চলছে প্রতিরোধ বাহিনী টিটিপি এবং ইসলামাবাদ প্রশাসনের মধ্যে যুদ্ধবিরতি আলোচনা। আর এই আলোচনা টিমেরই একজন গুরুত্বপূর্ণ কর্মকর্তা সহ টিটিপি'র শীর্ষস্থানীয় ৩ জন উমারাকে শহীদ করেছে গাদ্দার পাকি-সামরিক বাহিনী।

বিবরণ অনুযায়ী, গাদ্দার পাকি সামরিক বাহিনীর এই হামলায় টিটিপি'র প্রথম সারির সিনিয়র এক কমান্ডারও শহীদ হয়েছেন। যাকে ধরতে ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র ৩ মিলিয়ন ডলার পুরস্কার ঘোষণা করেছে।

সূত্র মতে, পূর্ব আফগানিস্তানে এই হামলাটি চালানো হয়েছে। এতে পাকিস্তান ভিত্তিক জনপ্রিয় ইসলামি প্রতিরোধ বাহিনী তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) অন্যতম কমান্ডার শাইখ ওমর খালেদ খোরাসানি শহীদ হয়েছেন। যাকে টিটিপির দ্বিতীয় শীর্ষ নেতা হিসেবে গণ্য করা হতো।

স্থানীয় সূত্রে জানা গেছে, গত রাতে পূর্ব আফগানিস্তানের পাকতিকা প্রদেশের বিরমিল জেলায় বোমা হামলার মাধ্যমে টিটিপি'র শীর্ষ নেতাদের গাড়িকে লক্ষ্যবস্তু করে পাকিস্তান। শাইখ ওমর খালেদ খোরাসানির গাড়ি লক্ষ্য করে পরিচালিত বোমা হামলায় তিনি ছাড়াও টিটিপি'র আরও ২জন কমান্ডার শহীদ হন।

আঞ্চলিক সূত্র জানায় যে, খোরাসানি ছাড়াও টিটিপি কমান্ডার হাফিজ দৌলত এবং মুফতি হাসানও হামলায় প্রাণ হারিয়েছেন।

টিটিপির মুখপাত্র মুহাম্মদ খোরাসানি (হাফিজাহুল্লাহ্) নিশ্চিত করেছে যে, বোমা হামলায় শাইখ ওমর খালেদ খোরাসানি শহীদ হয়েছেন। অপরদিকে পাকিস্তানি মিডিয়া দেশটির সামরিক সূত্রের বরাতে জানায় যে, এই হামলাটি আমেরিকার গোলাম মুরতাদ পাকি গোয়েন্দাদের সঙ্গে যুক্ত গাদ্দার বাহিনী চালিয়েছে।

শাইখ ওমর খালেদ খোরাসানিকে (রহি.) পাকিস্তানের পাশাপাশি ক্রুসেডার সন্ত্রাসী মার্কিন যুক্তরাষ্ট্রও কালো তালিকাভুক্ত করেছিল। তাঁর মাথার মূল্য ঘোষণা করা হয়েছিল ৩ মিলিয়ন ডলার।

শাইখ ওমর খালেদ খোরাসানি (রহি.) টিটিপি'র শীর্ষস্থানীয় কমান্ডারদের মধ্যে অন্যতম একজন। তিনি আফগানিস্তানের রাজধানী কাবুলে টিটিপি এবং গাদ্দার ইসলামাবাদ প্রশাসনের মধ্যে চলমান যুদ্ধবিরতি আলোচনায় অংশগ্রহণ করছেন। যেখানে তিনি টিটিপি'র প্রতিনিধি হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছিলেন।

শাইখ খোরাসানির এই শাহাদাত স্পষ্টই চলমান যুদ্ধবিরতি আলোচনার সরাসরি লঙ্ঘন। যার মাধ্যমে গাদ্দার পাকিস্তান আবারো প্রমাণ করলো যে, তারা কখনোই শান্তি চায় না। তারা আলোচনা চলাকালীন এই হামলার মাধ্যমে তাদের অতীত চেহারা আবারো স্পষ্ট করে দিয়েছে, যখন তারা ইতিপূর্বেও আলোচনা থেকে ফেরার পথে টিটিপির একজন আমীরকে শহিদ করেছিলো। মনে করা হচ্ছে, পাকিস্তানের এই গাদ্দারির ফলে তেহরিক-ই-তালিবান পাকিস্তান (টিটিপি) আনুষ্ঠানিকভাবে যুদ্ধবিরতি শেষ করবে এবং আবারো লড়াইয়ের ময়দানেই গাদ্দার পাকি সেনাদের উচিৎ শিক্ষা দিবেন।

শাইখ ওমর খালেদ খোরাসানি (রহ.) টিটিপি'র প্রতিষ্ঠাতা নেতাদের মধ্যে একজন। তিনি দীর্ঘদিন ধরে জামা'আতুল আহরার'এর নেতৃত্ব দিচ্ছিলেন। পরে তাঁর দল বিগত সময়ে টিটিপিতে পুনরায় যোগদান করেছিল।

ভারতে এবার হাস্যকর 'বন্যা জিহাদের' অভিযোগে ৫ মুসলিম গ্রেপ্তার

হিন্দুত্ববাদী ভারতের আসামে এবার মুসলিমদের বিরুদ্ধে আনা হয়েছে হাস্যকর নতুন অভিযোগ- "ফ্লাড জিহাদ" (বন্যা জিহাদ)। হিন্দুত্ববাদীদের মতে আসামের শিলচরে হিন্দু সংখ্যাগরিষ্ঠ এলাকায় ব্যাপক বন্যা সৃষ্টি করেছে মুসলিমরা।

ইসলাম ও মুসলিমদের প্রতি বিদ্বেষ ও জিঘাংসা এই কুসংস্কারাচ্ছন্ন উগ্র গো-পূজারীদেরকে এতটাই অন্ধ করে দিয়েছে যে, তারা এখন তাদের এই হিংসাকে জায়েজ প্রমাণ করতে লাজলজ্জা ভুলে এমন হাস্যকর দাবিও সামনে নিয়ে আসছে। ইতোমধ্যে এই উদ্ভট অভিযোগ এনে আবার পাঁচজন মুসলিমকে গ্রেফতারও করা হয়েছে।

সেই মুসলিমদের প্রথম গ্রেপ্তার করা হয় ৩ জুলাই। কিন্তু প্রমাণের অভাবে তাঁদের ১৫ দিনের জন্য কারাগারে রাখার পরে ছেড়ে দেওয়া হয়। গ্রেপ্তারকৃত মুসলিমদের সকলেই শিলচরের একটি মুসলিম অধ্যুষিত এলাকার বাসিন্দা।

আসাম এবার মে এবং জুন এই দুই মাস বন্যার কবলে পড়ে। কারণ ছিল স্বাভাবিকের চেয়ে অনেক ভারী বৃষ্টিপাত।

আসামে এমন বন্যা প্রায় প্রতিবছর হলেও এবারের ব্যাপারটা একটু ভিন্ন রকম। কারণ এবার হিন্দুত্ববাদীরা এই বন্যাটিকে ব্যবহার করছে নিজেদের রাজনৈতিক স্বার্থে। এবার সাধারণ হিন্দুদের মাঝে মুসলিমদের বিরুদ্ধে ঘৃণা উসকে দেবার জন্য হিন্দুত্ববাদীরা "ফ্লাড জিহাদ" নামের এক নতুন তত্ত্ব নিয়ে হাজির হয়েছে।

অথচ আসামে বন্যা হবার জন্য দায়ী হিন্দুরাই। আসামে বেড়িবাঁধ রয়েছে প্রায় চার কিলোমিটারেরও বেশি। এর মধ্যে অনেকগুলোই হয়ে গেছে পুরাতন। এছাড়া বেড়িবাঁধগুলিতে প্রচুর ফাটলও দেখা দিয়েছে সঠিকভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণের অভাবে। এমনও উদাহরণ আছে যে, এলাকায় বন্যা না হবার জন্য হিন্দুরা ইচ্ছাকৃতভাবে বেড়িবাঁধগুলি ভেঙে দিয়েছে।

মুসলিম এক্টিভিস্টরা বলছেন, ভারত এখন একটি ধর্মান্ধ রাষ্ট্রের নাম। এখানে ধর্মান্ধ ও উগ্র হিন্দুরা যেকোন প্রাকৃতিক দুর্ঘটনাকে এখন মুসলিমদের বিরুদ্ধে চালিয়ে দিয়ে নিজেদের স্বার্থ হাসিল করছে। ভারতে এখন ঠুনকো অভিযোগ এনে মুসলিমদের গ্রেপ্তার, গণপিটুনি, খুন করা খুব সাধারণ ব্যপার হয়ে দাঁড়িয়েছে।

তাঁরা আরও বলছেন, মুসলিমদের এখন উচিত উগ্র হিন্দুত্ববাদীদের পাল্টা জবাব দেবার।

তথ্যসূত্র :

----

1. Five Muslims arrested in Assam for waging 'flood jihad' - https://tinyurl.com/mr2v249h

---

ভারতের হরিয়ানায় রোহিঙ্গা মুসলিমদের উপর হিন্দুত্ববাদী পুলিশের হয়রানি ও নৃশংসতা

ভারত জুড়ে হিন্দুত্ববাদীদের হামলা মামলায় মুসলিমরা পেরেশান। তাদের যখন যা ইচ্ছে মুসলিমদের সাথে তাই করছে।

তারই ধারাবাহিকতায়, গত ২৬ জুলাই ভোর রাতে, ১০টি পুলিশ জিপ এবং ৬টি পুলিশ বাস হরিয়ানার নুহ জেলার ১০টি রোহিঙ্গা শরণার্থী শিবির ঘেরাও করে। ৬০০ এরও বেশি পুলিশ ক্যাম্পে ঢুকে এবং প্রতিটি সেক্টরে যায়। ঘুমন্ত মুসলিমদের দরজায় গিয়ে বলতে থাকে "দরওয়াজা খোলো, ওয়ার্না দরওয়াজা তোড় দুঙ্গা (দরজা খোল নইলে ভেঙ্গে ফেলব)।"

চান্দেনী-১ রোহিঙ্গা ক্যাম্পে থাকা সফিকা জানিয়েছেন, প্রতিটি মুসলিম পরিবারকে প্রায় ১০-১৫জন পুলিশ হয়রানি করেছে।

সফিকা এবং তার ভাই হাসান, যারা উভয়েই রোহিঙ্গা মুসলিম শরণার্থীদের উপর নৃশংসতার বিষয়ে সোচ্চার, তারা জানিয়েছে, নাঙ্গেলির ওয়ার্ড-০৭ ক্যাম্পে আমাদের নিয়ে যায়। সেখানেও হিন্দুত্ববাদী পুলিশ সহিংসতার ঘটনা ঘটায়।

সেখানে ৬০ বছর বয়সী নুরবাহার নামে এক বৃদ্ধা মহিলা বলেছে, পুলিশ তাকে, তার ছেলে, তার পুত্রবধূ এবং তার পুত্রবধূর বোনকে লাঠি দিয়ে আঘাত করেছে। কারণ ১৭ বছর বয়সী সাবাকুন নাহার, ব্যাঙ্গালোরের শহরতলির একটি ক্যাম্পের বাসিন্দা এবং সে তীব্র যক্ষ্মা রোগী, চিকিৎসা পাওয়ার আশায় নাঙ্গেলিতে তার বোনের সাথে থাকতে এসেছিলেন। হিন্দুত্ববাদীরা রোহিঙ্গা শরণার্থীদের তাদের বায়োমেট্রিক নিবন্ধনের এলাকা ছেড়ে যেতে দেয় না। অন্য রাজ্যে যাওয়া তো দূরের কথা। তাই পুলিশ এই অসুস্থ মেয়েটিকে তাদের লাঠি দিয়ে মারধর করে। এবং সাবাকুনকে আশ্রয় দেওয়ার জন্য অন্যান্য বাসিন্দাদেরও মারধর করে।

নুরবাহার বলেছেন "তারা আমাকে ঘাড় ধরে টেনে নিয়ে যায় এবং লাঠি দিয়ে মারতে থাকে।" একথা বলে সে ক্ষোভ ও অসহায়ত্বের কারণে কাঁদতে থাকে।

নাঙ্গেলি ক্যাম্পের বাসিন্দা ইসলাম বলেন, "আমরা রোহিঙ্গাদের নিজেদের কোনো বাড়ি নেই। আমাদের পায়ের নীচের মাটি আমাদের জমি এবং মাথার উপরে আকাশ আমাদের ছাদ। আমরা অশিক্ষিত মানুষ। আমরা স্ক্র্যাপ সংগ্রহ, দৈনিক মজুরি নির্মাণ কাজ, এবং গৃহস্থালির মতো কিছু কাজ করি। এবং যখন আমরা ভাল বেতনের কাজ খুঁজতে এলাকা ছেড়ে যাওয়ার চেষ্টা করি, তখনই হিন্দুত্ববাদী প্রশাসন আমাদের বাধা দেয়।

জনাব ইসলাম বলেছেন, "আসার পরেই আমাদের একটি নথি পূরণ করতে হয়েছিল যাতে প্রশ্ন ছিল, 'আপনি কতক্ষণ থাকবেন? আপনি কখন ফিরবেন?' এবং আমরা ফর্মগুলিতে যা পূরণ করেছি, তার চেয়ে এক ঘন্টাও বেশি সময় কোন জায়গায় থাকতে পারিনি। আমরা এখন দেশ ছেড়েছি, কিন্তু সেই অন্ধকার আইন নিয়ম-কানুন আমাদের ছাড়েনি। মনে হচ্ছে আমরা এখনো মিয়ানমারেই আছি। আমাদের উপর অত্যাচার করা, হয়রানি করা এখন প্রতিদিনের রুটিন হয়ে গেছে।

নাঙ্গেলির ক্যাম্পের আরেক বাসিন্দা মোহাম্মদ বশির বলেছেন "সম্ভবত, এই হিন্দুত্ববাদীরা আমাদের বাঁচতে দিতে চায় না।"

নুরবাহারকে সান্ত্বনা দেওয়ার চেষ্টা করা মহিলাদের দলটির দিকে ইঙ্গিত করে তিনি বলেন, "এতগুলো পুলিশের সাথে কোন মহিলা পুলিশ আসেনি। পুলিশ সদস্যরা এই সমস্ত মহিলাদেরকে ঘর থেকে ধাক্কা দিয়ে বের করে দিচ্ছিল। তারা এমনভাবে ঘরে ঢুকে পড়ে যেন এটা একটা জঘন্য কোন অপরাধী ধরার অভিযান ছিল। এবং আমরা আমাদের ঘরে কোন সন্ত্রাসীদের লুকিয়ে রেখেছিলাম। তারা আমাদের সাথে পাষণ্ডের মত আচরণ করে।"

রমজান আলি বলেন, "ভোর ৪.৩০ বাজলে পুলিশ যখন আসে তখন আমি ঘুমাচ্ছিলাম। কি ঘটছে তা বুঝতে আমার কয়েক মিনিট সময় লেগেছে। হঠাৎ তারা আমাকে লাঠি দিয়ে মারতে শুরু করে এবং আমাকে বাড়ি থেকে বের করে দেয়।"

শুধু পুলিশের এই হয়রানি নয়, স্থানীয় হিন্দু গ্রামবাসীরাও মুসলিমদের বিরক্ত করেছে। বশির বলেন, "গ্রামবাসীরা আমাদের দিকে সন্দেহের চোখে দেখতে শুরু করেছে। হঠাৎ করে, পুলিশ অসময়ে আমাদের বাড়িতে অভিযান শুরু করে। প্রতিনিয়ত গ্রামবাসী থানায় ফোন করে আমাদের হয়রানি করে। পুলিশ এসে আমাদের লাইন ধরিয়ে দাঁড় করায় এবং অপরাধীদের মতো আমাদের তুলে নেয়। এসবই স্থানীয়দের আমাদের প্রতি সন্দেহের তীব্রতা বাড়িয়ে দিয়েছে।"

জনাব ইসলাম আরো ইসলাম বলেন, "পুলিশ আমাদের সাথে সন্ত্রাসীদের মতো আচরণ করে। আমরা প্রতিটি পদক্ষেপের জন্য তাদের অনুমতি নিতে হয়। ভারত এত বড় দেশ। তারা কি আমাদের উদ্বাস্তুদের এখানে থাকতে দিতে পারে না? আমরা আমাদের জীবন বাঁচাতে এখানে এসেছি। গ্রামবাসীদের কাছ থেকে এক টুকরো জমি ভাড়া নিয়েও আমরা প্রতিদিন হিন্দুত্ববাদীদের লাঠিসোঁটার মুখোমুখি হই।"

হাসান এবং সফিকা রোহিঙ্গাদের অন্ধকার অনিশ্চিত জীবন সম্পর্কে বলেছেন যে, মায়ানমার থেকে আসার পর থেকে তাদের নিজেদের বলার মতো কোনো দেশ নেই, পরবর্তী বেলায় খাবারের কোনো গ্যারান্টি নেই, তাদের সন্তানদের জন্য কোনো স্কুল নেই, জীবনের নিরাপত্তা নেই, বিদেশী ভূমিতে স্থানীয়দের এবং পুলিশের দয়ায় বসবাস করায় তাদের ভাগ্যে সিলমোহর হয়ে গেছে।

২০১২ সাল থেকে, যখন তারা মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চলে নিরাপদে থাকবে এই আশায় দিল্লি থেকে মেওয়াতে চলে এসেছিল, তখন এই উদ্বাস্তুদের খানপুর গ্রাম থেকে রাওয়াসান, আর সালাহেরি থেকে সাম্প্রতিক অবস্থান পর্যন্ত বেশ কয়েকবার তাদের বাড়ি পরিবর্তন করতে বাধ্য করা হয়েছে। যা তারা দুই স্থানীয় ব্যক্তির কাছ থেকে প্রতি মাসে ৬০,০০০ টাকা ভাড়া নিয়েছিলেন।

পুলিশ ভেরিফিকেশন ড্রাইভে রোহিঙ্গা সম্প্রদায়ের সকল সদস্যের নাম এবং অন্যান্য বিবরণ পুলিশের কাছে থাকা বায়োমেট্রিক বিবরণের তালিকার সাথে মেলানো হয়। ২৬ জুলাই পুলিশ মুসলিমদের ৩০টি গাড়ি বাজেয়াপ্ত করেছে।
“তারা [পুলিশ সদস্যরা] বলেছিল, 'আপনি বার্মা ওয়ালা (মিয়ানমারের মানুষ)। আপনি কিছু কিনতে পারবেন না, আপনার কোন ঠিকানা প্রমাণ নেই। বাহনটি কিভাবে পেলেন? আপনি লাইসেন্স কোথায় পেলেন?

চান্দেনী-৩ ক্যাম্পের মোহাম্মদ রফিক বলেছেন, "পুলিশ দুবার সব ঝোপড়িতে (ঝুপড়ি) ঢুকেছে, কিছু ঝোপড়ি তিনবার। তারা আমাদের সমস্ত জিনিসপত্র বের করে নিয়েছিল এবং এমনকি বাক্সে রাখা কাপড়ের মধ্যেও চেক করেছিল। এমনকি তারা আমাদের ল্যাট্রিন এবং বাথরুমেও ঢুকে পড়ে।"

শরণার্থী মুসলিরা বলেছেন, "আমরা যে মুহুর্তে ভারতে এসেছি, আমাদের মনে ছিল যে, যখনই পরিস্থিতির উন্নতি হবে তখনই আমরা আমাদের দেশে ফিরে যাব।" ভারতের অর্থের প্রতি আমাদের কোনো লোভ নেই। এর নাগরিকত্বের প্রতি আমাদের কোনো লোভ নেই। আমরা শুধু শান্তিতে থাকতে চাই। আমরা আমাদের বাচ্চাদের শেখাতে চাই। আমাদের দেশে, আমাদের বেশিরভাগ মানুষ নিরক্ষর, কারণ সরকার আমাদের পড়াশুনার কোনো সুযোগ দেয় না। তাই আমরা চাই আমাদের দিকে না তাকিয়ে আমাদের শিশুদের নিষ্পাপ মুখের দিকে তাকিয়ে তাদের শিক্ষার ব্যবস্থা করে দেক। যারা এখানে শিক্ষা লাভ করে। অন্যথায় আমরা ফিরে গেলে আমাদের মতো তাদের জীবনও নষ্ট হয়ে যাবে।"

ভারতে, রোহিঙ্গা মুসলিমরা নিরাপত্তা সংস্থার কঠোর নজরদারি, নির্বিচারে আটক, জিজ্ঞাসাবাদ এবং সমন বৃদ্ধির সম্মুখীন হচ্ছে। তারা জানান যে প্রধানত মুসলিম হওয়ায় তাদের ধর্মীয় পরিচয়ের জন্য তাদের টার্গেট করা হচ্ছে। রোহিঙ্গাদের বিরুদ্ধে ক্র্যাকডাউন, হিন্দুত্ববাদী শাসক ভারতীয় জনতা পার্টি (বিজেপি) এবং এর সাথে যুক্ত হিন্দু উগ্র গোষ্ঠীগুলির দ্বারা ভারতের মুসলমানদের বিরুদ্ধে বৃহত্তর জেনোফোবিয়া এবং ঘৃণামূলক প্রচারণার সাথে মিশেছে।

ভারতে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের রক্ষা করার এবং তাদের নিরাপদ ও স্বেচ্ছায় তাদের বাড়িতে প্রত্যাবর্তন নিশ্চিত করার জন্য আন্তর্জাতিক প্রচেষ্টায় যোগ দেওয়ার পরিবর্তে, ভারতীয় হিন্দুত্ববাদী কর্তৃপক্ষ তাদের লক্ষ্যবস্তু করছে এবং তাদের আরও দুর্ভোগ সৃষ্টি করছে।

এক্ষেত্রে হিন্দুত্ববাদী ভারত মানবাধিকার কিংবা কোন আইনের তোয়াক্কা করছে না। আইন লঙ্ঘনের কারণে জাতিসঙ্ঘ বা অন্য কোন সংস্থা ভারতকে চাপও দিচ্ছে না। কোন মিডিয়া এ নিয়ে হৈচৈ করছে না। কারণ এখানে ভিকটিম হচ্ছেন মুসলিমরা।

প্রতিবেদক : উসামা মাহমুদ

তথ্যসূত্র :

1. Verification Drive or Raid? Rohingya in Haryana Accuse Cops of Harassment and Brutality - https://tinyurl.com/337vkxa5 - https://tinyurl.com/4m8vb525

গাজায় ইসরাইলি বর্বরতার তৃতীয় দিন: হতাহত ৫৮১

ফিলিস্তিনের গাজা উপত্যকায় মুহুর্মুহু বোমা হামলা চালাচ্ছে দখলদার ইসরাইলি বাহিনী। কোন কিছুর তোয়াক্কা না করে গতকাল তৃতীয় দিনের মতো নির্বিচারে হামলা চালিয়েছে বর্বর ইহুদিরা। এতে এখন পর্যন্ত ১৫ শিশুসহ ৪১ জন শহীদ হয়েছেন। গুরুতর আহত হয়েছেন শতাধিক শিশুসহ ৫৫০ জন।

বিবরণ অনুযায়ী, দখলদার ইসরাইলি সন্ত্রাসী বাহিনী গাজা উপত্যকায় তাদের হামলা অব্যাহত রেখেছে, যা তারা গত ৫ আগস্টে শুরু করেছিল। এরপর গত রাতে এই অঞ্চলে বিমান ও স্থলপথে ব্যাপক বোমাবর্ষণ করেছে। এখনো বোমাবর্ষণ অব্যাহত রয়েছে, ফলে বেসামরিক হতাহতের সংখ্যা আরও বাড়বে বলে উদ্বেগ রয়েছে।

এদিকে সন্ত্রাসী ইসরাইল দাবি করেছে যে, তারা গাজায় স্বাধীনতাকামী হামাসের সিনিয়র নেতৃত্বকে হত্যা করেছে। বলা হয়েছে যে, এই হামলার মাধ্যমে গাজার উত্তরাঞ্চলীয় স্বাধীনতাকামী হামাসের আঞ্চলিক কমান্ডার তেসির আল-জাবারি, দক্ষিণাঞ্চলীয় আঞ্চলিক কমান্ডার খালেদ মানসুর এবং মিসাইল ইউনিট কমান্ডার রাফেত ইজ জিমিলিকে হত্যা করেছে তারা।

অপরদিকে স্বাধীনতাকামী হামাস ছাড়াও গাজা উপত্যকা থেকে জাইশুল-উম্মাহ্‌ সহ অন্যান্য সশস্ত্র দলগুলো ইসরাইলের বিরুদ্ধে রকেট ও মর্টার হামলা চালাচ্ছে। এতে আজ সন্ধ্যা পর্যন্ত দখলদার ইসরায়েলের ৪৬ ইহুদী হতাহত হয়েছে বলে জানিয়েছে অবৈধ রাষ্ট্রটির স্বাস্থ্য বিভাগ।

তবে এই লড়াইয়ে ইরান সমর্থিত হামাসের সশস্ত্র শাখা কাসসাম ব্রিগেড এখনো আনুষ্ঠানিকভাবে অংশ নেয়নি। জবাবে ইসরাইলও কাসসামের নেতাদেরকে এবং অবস্থানগুলিতে আঘাত করেনি।

তথ্যসূত্র:

----

1. 15 children among 41 people killed in ongoing Israeli airstrikes on Gaza-- https://tinyurl.com/3uysd4n6

2. Some other othentic sources.

০৭ই আগস্ট, ২০২২

২ বছর পরেও সাংবাদিক সিদ্দিক কাপানের জামিন দেয়নি হিন্দুত্ববাদী এলাহাবাদ হাইকোর্ট

হিন্দুত্ববাদী ভারতে সাংবাদিকতার জন্য সত্যিই একটি অত্যন্ত বিপজ্জনক জায়গা হয়ে উঠেছে। সাংবাদিকরা তাদের কাজের জন্য হিন্দুত্ববাদীদের আক্রমণের শিকার হচ্ছেন। বিশেষ করে কোন সাংবাদিক মুসলিম হলে কঠোরতা বেড়ে যায় কয়েক গুণ।

সাংবাদিকদের মধ্যে যারাই হিন্দুত্ববাদীদের বিরুদ্ধে কথা বলে, তাদের বিরুদ্ধেই রাষ্ট্রদ্রোহের মামলা করা হয় বা UAPA-এর মতো কঠোর আইনের অধীনে গ্রেপ্তার হওয়ার ঝুঁকি রয়েছে, যাতে প্রমাণ সরবরাহ করার প্রয়োজন ছাড়াই একতরফাভাবে ব্যক্তিদের সন্ত্রাসী হিসাবে আখ্যায়িত করা যায়।

মুসলিম সাংবাদিক সিদ্দিক কাপ্পান অক্টোবর ২০২০ থেকে কারাগারে রয়েছেন। হাতরাস গণধর্ষণ ও হত্যা মামলার প্রতিবেদন করার চেষ্টা করায় তাকে ভারতের রাষ্ট্রদ্রোহ আইন এবং কঠোর বেআইনি কার্যকলাপ (প্রতিরোধ) আইন (UAPA) এর অধীনে অভিযুক্ত করা হয়েছিল।

কোন অপরাধ না করেও প্রায় ২ বছর ধরে কারাগারে বন্দী আছেন। হিন্দুত্ববাদী এলাহাবাদ হাইকোর্ট 'হাতরাস ষড়যন্ত্র মামলা'-তে সাংবাদিক সিদ্দিক কাপানের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। গত ২ আগস্ট মঙ্গলবার রায় দেওয়ার পর বিচারপতি কৃষ্ণা পাহলের বেঞ্চ তার জামিন নামঞ্জুর করে। তিনি কারাগারে তীব্র অসুস্থতায়

ভুগছেন। হিন্দুত্ববাদীরা কোন চিকিৎসার ব্যবস্থাও করেনি তার। চিকিৎসার জন্য জামিন ও দিচ্ছে না। অথচ, মুসলিম ব্যতিত অন্যান্য বড় বড় অপরাধীদেরকেও জামিন দেওয়া হয়।

কাপ্পান একা নন, কাশ্মীরি সাংবাদিক আসিফ সুলতানও তিন বছরের বেশি সময় ধরে কারাগারে রয়েছেন। কাপ্পান এবং সুলতান বানোয়াট অভিযোগে কোন বিচার ছাড়াই বন্দী রয়েছেন। তারা কেবল মুসলিম সাংবাদিক হওয়ার কারণেই জেলে রয়েছেন।

এরকম অসংখ্য কাপ্পান আর আসিফ ভারতের জেলগুলোতে বিনা বিচারে আটক রয়েছে বছরের পর বছর। অনেকের আবার হদিসও পাওয়া যায়নি। আর জেল হেফাজতে মৃত্যুও হয়েছে নাম না জানা বেশ কয়েকজন মুসলিম সাংবাদিকের।

তবে কিছু দালাল মিডিয়া সর্বদাই হিন্দুত্ববাদী বিজেপি সরকারের চাটুকারিতায় ব্যস্ত থাকে। মিথ্যা প্রোপাগান্ডা ছড়িয়ে মুসলিম বিদ্বেষ উস্কে দিতে এবং বিজেপির মুসলিম গণহত্যা ও অখণ্ড ভারত নির্মাণের ক্ষেত্র প্রস্তুত করতে এরা আদা জল খেয়ে মাঠে নেমেছে। নির্যাতিত এই মুসলিমদের কোন তথ্যই প্রকাশ করে না দালাল এই মিডিয়াগুলো।

তথ্যসূত্র:

----

1. Allahabad High Court Denies Bail To Siddique Kappan's In UAPA Case - https://tinyurl.com/532krh8x

---

বুরকিনা ফাঁসো | সামরিক কাফেলায় আল-কায়েদার হামলায় নিহত ১৮ শত্রুসেনা

বুরকিনা ফাঁসোর উত্তরাঞ্চল ও নাইজার সীমান্তে দেশটির গাদ্দার সেনাবাহিনীকে লক্ষ্য করে ২টি পৃথক হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। এতে অন্তত ১৮ সেনা নিহত হয়েছে বলে জানা গেছে।

স্থানীয় সূত্র মতে, আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম' যোদ্ধারা গত বৃহস্পতিবার বুরকিনা ফাঁসোতে ২টি পৃথক হামলা চালিয়েছেন। যার প্রথমটি নাইজার ও মালির সীমান্তবর্তী ওডালান প্রদেশের মার্কোয়ে এলাকায় চালানো হয়। যেখানে সামরিক বাহিনীর একটি কনভয় টার্গেট করে ইম্প্রোভাইজড বিস্ফোরক ডিভাইস দ্বারা হামলা চালান মুজাহিদগণ। এতে সেনাবাহিনীর ৯ সদস্য এবং আধাসামরিক বাহিনীর আরও ৩ সদস্য নিহত হয়।

এর আগে গত বুধবার নাইজার সীমান্তবর্তী ইয়াঘা প্রদেশের দিয়ামানা এলাকায় একটি আইইডি (ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস) দ্বারা হামলা চালান মুজাহিদগণ। যেখানে সেনবাহিনীর একটি টহল দলকে টার্গেট করে হামলাটি চালানো হয়। এতে সামরিক বাহিনীর ৬ গাদ্দার সেনা সদস্য নিহত হয়, এবং আরও কয়েকজন আহত হয়।

এটি লক্ষণীয় যে, সম্প্রতি বুরকিনা ফাঁসোতে হামলা বাড়িয়েছে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম'। ফলে মালির পর পশ্চিম আফ্রিকার এই দেশটি পুরোপুরিভাবে ইসলাম ও কুফরের একটি যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছে।

ইকোনমিক কমিউনিটি অফ ওয়েস্ট আফ্রিকান স্টেটস (ইকোওয়াস) এর একজন কর্মকর্তা দাবি করেছেন যে, বুরকিনা ফাঁসোর মাত্র ৬০ শতাংশ অঞ্চল রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে রয়েছে। সরকারি পরিসংখ্যান অনুসারে, দেশের ৪০% এরও বেশি অঞ্চল রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের বাহিরে। যেখানে একটি অঘোষিত শরয়ী রাষ্ট্র ব্যবস্থা চালু করেছে ইসলামপন্থী সশস্ত্র বাহিনী জেএনআইএম।

মালিতে মজবুত অবস্থানে আল-কায়েদা যোদ্ধারা ২০১৫ সালে বুরকিনা ফাঁসোতে সরকারী বাহিনীর বিরুদ্ধে আন্তঃসীমান্ত হামলা চালানো শুরু করেন। এরপর থেকেই তাদের এই আক্রমণ তীব্র থেকে আরও তীব্রতর হতে থাকে। সেই থেকে শুরু করে বর্তমানে দেশের বিস্তীর্ণ ভূমির নিয়ন্ত্রণ নিয়েছেন আল-কায়েদা সংশ্লিষ্ট জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (জেএনআইএম)।

গাজায় সন্ত্রাসবাদী ইসরাইলের হামলা অব্যাহত, শিশুসহ নিহত ৩০ এর অধিক

গাজায় দ্বিতীয় দিনেও দখলদার ইসরাইলি বাহিনীর বিমান হামলা অব্যাহত রয়েছে। গতকাল (৬ আগস্ট) হামলায় ৬ শিশুসহ মোট ২৪ জন ফিলিস্তিনি নিহত হয়েছিল। আজ সকালে ধ্বংসস্তূপের নিচ থেকে উদ্ধারের পর নিহতের সংখ্যা বেড়ে ৩২ জনে দাঁড়িয়েছে।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, 'ইসরাইল বেসামরিক লোকদের টার্গেট করে আবাসিক এলাকা ও শরনার্থী ক্যাম্পে আক্রমণ চালাচ্ছে। কেউ জানে না আগামীকাল কী ঘটবে।'

নিহতদের মধ্যে নারী-শিশুসহ বৃদ্ধও রয়েছে। উম্ম উয়ালিদ নামে এক বৃদ্ধা তার ছেলের বিয়ের জন্য প্রস্তুতি নিচ্ছিলেন, সেই মুহূর্তে ইসরাইলি হামলায় নিহত হন তিনি। আজ সকালে ধ্বংসস্তূপের নিচ থেকে ৮ জন নারী-শিশুদের লাশ উদ্ধার করা হয়েছে। আহত ও নিহত শিশুদের ভিড়ে ভারি হচ্ছে ফিলিস্তিনের হাসপাতালগুলো।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, এখন পর্যন্ত ইসরাইলি হামলায় অন্তত ২০৩ জন আহত হয়েছে।

আক্রমণ শুরু করার আগেই ইসরাইল গাজায় জ্বালানি পরিবহন বন্ধ করে দিয়েছিল। বর্তমানে গাজার একমাত্র বিদ্যুৎ কেন্দ্র অচল করে দিয়েছে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় সতর্কবার্তা দিয়েছে যে, এর ফলে কয়েক দিনের মধ্যেই হাসপাতালগুলিতে মারাত্বক প্রভাব পড়বে।

অন্যদিকে নিরাপত্তা অজুহাত দেখিয়ে সীমান্ত ও নৌপথে মানুষের ও পণ্যের চলাচলে কঠোরভাবে নিষেধাজ্ঞা দিয়েছে গাদ্দার মিশর ও ইসরাইল। বিশেষজ্ঞরা বলছেন, মিশর সবসময়ই ফিলিস্তিনকে পিছন থেকে চুরি চালিয়েছে।

দখলদার ইসরাইল আগ্রাসী হামলায় এতসংখ্যক ফিলিস্তিনি হতাহত হলেও এখন পর্যন্ত কথিত জাতিসংঘের কোন বিবৃতি পাওয়া যায়নি। অন্যদিকে আগ্রাসী এ হামলায় ফিলিস্তিনকে নয়, বরং সন্ত্রাসী ইসরাইলকেই সমর্থন করবে জানিয়ে বিবৃতি দিয়েছে বিশ্ব সন্ত্রাসী আমেরিকা।

দখলদার ইসরাইল যুদ্ধে ন্যায়-অন্যায় যাই হোক, পশ্চিমারা ইসরাইলের পক্ষ নিবে এটাই বাস্তবতা। এ অবস্থায় ফিলিস্তিনিদের রক্ষায় মুসলিম জাতিকেই এগিয়ে আসতে হবে বলে মনে করছেন ইসলামি বিশেষজ্ঞরা।

তথ্যসূত্র:

----

1. Top fighter, several children killed as Israel bombs Gaza

- https://tinyurl.com/2dbrj2m3

2. after hours of searching under the rubble, eight people, including a child and three women, were pulled out dead

- https://tinyurl.com/3twpjjvf

কাশ্মীরের কুলগামে হিন্দুত্ববাদীদের গুলিতে মুসলিম যুবক খুন

জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলায় ৬ আগস্ট শুক্রবার হিন্দুত্ববাদী বাহিনী শুধু সন্দেহের বশে কিছু লোকের উপর এলোপাথারি গুলি চালায়। হিন্দুত্ববাদী সন্ত্রাসীদের এমন ভুয়া এনকাউন্টারের বলি হয় সেখানে অবস্থানরত কর্মব্যস্ত মুসলিমরা। মঞ্জুর লোন নামে এক মুসলিম হিন্দুত্ববাদীদের গুলিতে খুন হয়েছেন সেখানে। মঞ্জুরকে একটি হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তিনি গুলির গুরুতর আঘাতে মারা যান।

এছাড়াও আরো দুজন মুসলিম আব্দুল্লাহ লোন ও রেদওয়ানি বালা গুরুতর আঘাত পেয়েছেন। ৩২ বছর বয়সী মঞ্জুর লোন গত বছর বিয়ে করেছিলেন এবং তার দুই মাস বয়সী একটি ছেলে আছে। বাচ্ছাটি দুনিয়ার কোন কিছু বুঝে উঠার আগেই হিন্দুত্ববাদীদের গুলিতে পিতাকে হারিয়ে এতিম হয়ে গেছে। পিতার আদর ছাড়াই তাকে বড় হতে হবে। এগুলো নিয়ে কোন হলুদ মিডিয়া কিংবা বুদ্ধিজীবীরা কথা বলবে না। কারণ নিহত ব্যক্তিটি হচ্ছেন মুসলিম।

আর হিন্দুত্ববাদী সন্ত্রাসীরাও জানে মুসলিদের খুন করলেও তাদের কোন বিচার হবে না। ফলে যুগ যুগ ধরে তাদের অপকাণ্ডের মাত্রা বেড়েই চলেছে।

গ্লোবাল রাইটস ওয়াচডগের মতে, হিন্দুত্ববাদী ভারত সরকারের জোরপূর্বক দমনপীড়ন নীতি এবং কথিত নিরাপত্তা বাহিনীর মানবাধিকার লঙ্ঘনের মতো অবিচার কাশ্মীরিদের অনিরাপত্তা বাড়িয়ে তুলেছে। আসন্ন গণহত্যা প্রতিরোধে তাই কাশ্মীরের বিভিন্ন স্থানে সশস্ত্র প্রতিরোধ যুদ্ধ শুরু করেছেন মুসলিমরা।

তথ্যসূত্র :

----

1. Kashmir: Civilian killed in gunfight in Kulgam- https://tinyurl.com/mrpbxr92

2. Manzoor A Lone (32), who was married last year & is the father of a 2 month old boy was killed during an encounter in Kulgam's Redwani. - https://tinyurl.com/4h946cen

---

০৬ই আগস্ট, ২০২২

কাশ্মীরে স্বায়ত্তশাসন প্রত্যাহারের তিন বছর : অব্যাহত রয়েছে দমন-পীড়ন

হিউম্যান রাইটস ওয়াচ বলেছে, দখলদার ভারত সরকার কাশ্মীরে স্বায়ত্তশাসন তথা বিশেষ মর্যাদা বাতিল করার তিন বছর পর জম্মু ও কাশ্মীরে স্বাধীনভাবে মতপ্রকাশ, শান্তিপূর্ণ গণসমাবেশ এবং অন্যান্য মৌলিক অধিকার হ্রাস পেয়েছে।

গ্লোবাল রাইটস ওয়াচডগের মতে, ভারত সরকারের জোরপূর্বক দমনপীড়ন নীতি এবং কথিত নিরাপত্তা বাহিনীর মানবাধিকার লঙ্ঘনের মতো অবিচার কাশ্মীরিদের অনিরাপত্তা বাড়িয়ে তুলেছে।

গত তিন বছর আগে ২০১৯-এ ভারত সরকার জম্মু ও কাশ্মীরের সাংবিধানিক স্বায়ত্তশাসন প্রত্যাহার করে এবং রাজ্যটিকে দুটি ফেডারেল শাসিত অঞ্চলে বিভক্ত করে। অসংখ্য মুসলিমকে গ্রেফতার, ইন্টারনেট পূর্ণ বিচ্ছিন্ন, স্বাধীনভাবে চলাফেরা এবং শান্তিপূর্ণ গণসমাবেশে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করেছে। পরবর্তীতে দখলদার সরকার ইন্টারনেট সুবিধা ফিরিয়ে দিলেও কথিত সন্ত্রাসবাদ দমনের নামে মিডিয়া এবং সুশীল সমাজের উপর ক্র্যাকডাউন আরও তীব্র করেছে।

হিউম্যান রাইটস ওয়াচের জানায়, 'ভারত সরকার জম্মু ও কাশ্মীরে সাংবাদিক, মিডিয়া কর্মী এবং রাজনৈতিক নেতাদের নির্বিচারে আটক করার নীতি গ্রহণ করেছে।'

২০২১ সালের নভেম্বরে ভারতীয় পুলিশ একজন বিশিষ্ট কাশ্মীরি মানবাধিকার কর্মী খুররম পারভেজকে কথিত সন্ত্রাসবাদ বিরোধী আইনের দোহাই দিয়ে উদ্দেশ্যপ্রণোদিত অভিযোগে গ্রেপ্তার করেছিল। তিনি জম্মু ও কাশ্মীরে

জোরপূর্বক গুম-খুনের ঘটনাগুলো নথিভুক্ত করতেন। এবং কাশ্মীরে অচিহ্নিত কবরগুলির বিসয়ে তদন্ত করছিলেন। ফলস্বরূপ, দখলদার ভারত সরকার বারবার তাকে তার কাজের জন্য লক্ষ্যবস্তু করেছে।

কাশ্মীরি সাংবাদিকরা ভারতীয় নিরাপত্তা বাহিনীর দ্বারা কথিত সন্ত্রাসবাদের অভিযোগে নিয়মিত হয়রানি ও গ্রেফতারের সম্মুখীন হচ্ছেন।

কথিত জাতিসংঘের মানবাধিকার কর্মীরা পর্যন্ত পারভেজের অবিলম্বে মুক্তির আহ্বান জানিয়ে দুঃখ প্রকাশ করে বলেছে যে, 'সরকার সুশীল সমাজ, গণমাধ্যম এবং মানবাধিকার কর্মীদের মৌলিক অধিকার জোরপূর্বক খর্ব করেছে।'

২০১৯ সালের আগস্ট থেকে কাশ্মীরে কমপক্ষে ৩৫ জন সাংবাদিক তাদের লেখালেখির জন্য পুলিশি জিজ্ঞাসাবাদ, অভিযান, হুমকি, শারীরিক আক্রমণ, চলাফেরা ও বিদেশে ভ্রমণের উপর বিধিনিষেধ এবং বানোয়াট ফৌজদারি মামলার মুখোমুখি হয়েছেন। ভারত সরকার বিশ্বের যেকোনো জায়গার চেয়ে বেশি ইন্টারনেট বন্ধ করেছে কাশ্মীরে।

সংস্থাটি আহ্বান জানিয়ে বলেছে, 'ভারতীয় কর্তৃপক্ষের উচিত নিরাপত্তা বাহিনীর অপব্যবহারের জন্য ন্যায়বিচার নিশ্চিত করা এবং কাশ্মীরি জনগণের মৌলিক অধিকার লঙ্ঘনকারী নীতিগুলি বন্ধ করা।'

বিশেষজ্ঞরা বলছেন, মানবাধিকার সংস্থার বিবৃতিতে কাশ্মীরের যেসব সমস্যা উঠে এসেছে এগুলো মূল সমস্যার ছিটেফোঁটা মাত্র। কাশ্মীরি নারীদের ধর্ষণ, লাখ লাখ কাশ্মীরি হত্যার বিষয়টি একদম এড়িয়ে গেছে সংস্থাটি। মূলত মুসলিমদের কাছে নিজের গ্রহণযোগ্যতা ধরে রাখতেই মাঝেমধ্যে এইরকম দু'একটা বিবৃতি দিয়ে থাকে সংস্থাটি। এখন পর্যন্ত মুসলিমদের সমস্যা সমাধানের লক্ষ্যে কাজ করার কোন নজির নেই বলে জানিয়েছেন তারা।

প্রতিবেদক - ইউসুফ আল-হাসান

তথ্যসূত্র:

1. Repression persists in Kashmir three years after autonomy revoked: Global rights body- - https://tinyurl.com/yryeha4a

---

আল-ফিরদাউস সংবাদ সমগ্র || জুলাই, ২০২২ঈসায়ী ||
https://alfirdaws.org/2022/08/06/58404/

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম কমলেও, বেড়েছে বাংলাদেশে

বাংলাদেশের এমপি মন্ত্রী ও গাদ্দার সরকার হঠকারিতামূলক বক্তব্যে জনগণকে বোকা বানিয়ে রেখেছে। কথিত উন্নয়নের গল্প শুনিয়ে দেশকে দেউলিয়া করে দিচ্ছে। সব ধরণের পণ্যের আকাশ ছোঁয়া দামের পর এবার আবারও সব ধরনের জ্বালানি তেলের দাম বাড়িয়েছে দালাল সরকার।

গতকাল শুক্রবার রাত ১২টা থেকে ডিজেল, কেরোসিন, অকটেন, পেট্রোলের মূল্যবৃদ্ধি করেছে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। পুনর্নির্ধারিত মূল্যে কেরোসিন ও ডিজেলের দাম প্রতি লিটারে ৮০ টাকা থেকে বাড়িয়ে ১১৪ টাকা, অকটেন ৮৯ টাকা থেকে বাড়িয়ে ১৩৫ টাকা এবং পেট্রোল ৮৬ টাকা থেকে বাড়িয়ে ১৩০ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন মূল্যে প্রতি লিটার ডিজেল ও কেরোসিনের দাম বেড়েছে ৩৪ টাকা, অকটেনের ৪৬ টাকা এবং পেট্রোলের ৪৪ টাকা হারে। ডিপোর ৪০ কিলোমিটারের মধ্যে এটি কার্যকর হবে।

সর্বশেষ ২০২১ সালের ৪ নভেম্বর ডিজেল ও কেরোসিনের দাম বাড়ানো হয়েছিল। সেই সময় এই দুই জ্বালানির দাম লিটার প্রতি ৬৫ টাকা থেকে বাড়িয়ে ৮০ টাকা করা হয়। ৮ মাসের ব্যবধানে আবার বাড়ানো হলো তেলের দাম। তবে ওই সময় পেট্রোল আর অকটেনের দাম অপরিবর্তিত রাখা হয়েছিল। এবার সব ধরনের জ্বালানি তেলেরই দাম বাড়ানো হলো।

অথচ, মিথ্যাবাদী প্রধানমন্ত্রী কয়েকদিন আগে এক ভিডিও ব্রিফিংয়ে বলেছে, যে আমাদের দেশে পেট্রোল আর অকটেন কিনতে হয় না, গ্যাস উত্তোলনের সময় বাইপ্রোডাক্ট হিসেবে পাওয়া যায়, শুধু ডিজেল কিনতে হয়। তাহলে এখন দাম বাড়লো কেন?

বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কমে যাওয়ার পরও বাংলাদেশে দাম বাড়িয়ে চলেছে দূর্নীতিবাজ আ'লীগ সরকার। জ্বালানি তেলের দাম বাড়ানোর মাধ্যমে দেশকে শ্রীলঙ্কার পরিস্থিতির দিকে ঠেলে দেওয়া হয়েছে।

এমনিতেই দেশে নিত্যপণ্যের দাম আকাশচুম্বি। মানুষের বাঁচার কোনো পথ নেই। চারদিকে শ্বাসরূদ্ধকর পরিস্থিতি বিরাজ করছে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে দেশের মধ্যম ও নিম্ন আয়ের মানুষের কষ্ট হচ্ছে। এই অবস্থায় জ্বালানি তেলের দাম বাড়ায় দ্রব্যমূল্য আরও বাড়বে। এতে সাধারণ মানুষের জীবনে চরম দুর্ভোগ নেমে আসবে।

এই সরকারের বেপরোয়া লুটপাট দেশের আর্থ-সামাজিক অবস্থায় চরম অস্থিরতার সৃষ্টি করেছে। ব্যাংক খাতের অবস্থা খুবই খারাপ।

লুটপাটের পরিমাণ বেড়ে যাওয়ায় বাংলাদেশের অর্থনীতি প্রায় অচল হয়ে পড়ছে। দিনে দিনে ঋণের বোঝা ভারি হচ্ছে জাতির। অবস্থার প্রেক্ষিতে অনেকটা নিরুপায় হয়েই জনগণের উপর মূল্য বৃদ্ধিকে চাপিয়ে দিচ্ছে সরকার। এমনটাই মনে করছেন বিশ্লেষকগণ। মূলত সরকার তাদের দুর্নীতি ঢাকতেই সম্পূর্ণ অযৌক্তিকভাবে জ্বালানি তেলের দাম বৃদ্ধি করেছে।

তবে ইসলামী বিশেষজ্ঞগণ অবশ্য বলছেন, দেশে এমন একটা পরিস্থিতি অনুমেয়ই ছিল। স্বাধীনতার পর থেকে কথিত গনতন্ত্রের পূজারীরা, বিশেষ করে গত ১৩ বছর ধরে পশ্চিমা এবং বিশেষ করে হিন্দুত্ববাদী ভারতের দালালি করা সরকার দেশের অর্থনিতীকে যেভাবে তিলে তিলে ধ্বংস করেছে, তাতে দেশের মানুষের এমন একটি পরিস্থিতির মুখোমুখি হওয়া ছিল শুধু সময়ের ব্যাপার। কালোবাজারি, বিদেশে অর্থপাচার, নতজানু পররাষ্ট্রনীতি,

দুর্নীতি, অব্যবস্থাপনা, অপ্রয়োজনীয় মেগা প্রজেক্ট- সব মিলিয়ে দেশের অর্থনীতিকে আজ একেবারে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে গিয়েছে এই দালাল সরকার। তাই সামনের কঠিন পরিস্থিতি মোকাবেলায় এখনি নিজেদের ও জাতিকে রক্ষায় নববি মানহাজ অনুযায়ী কার্যকরি পদক্ষেপ নেওয়ার প্রতি গুরুত্বারোপ করেছেন তাঁরা।

তথ্যসূত্র:

----

১. জ্বালানি তেলের দাম বাড়ল, আরও চাপে পড়ল আমজনতা - https://tinyurl.com/2p955ss2

২. বিশ্ববাজারে দাম কমলেও, বাংলাদেশে ৪০ থেকে ৫০ শতাংশ দাম বাড়ল জ্বালানি তেলের- https://tinyurl.com/3r3s6et2

৩. ডিজেল-কেরোসিন ১১৪ টাকা : অকটেন ১৩৫ টাকা: পেট্রোল ১৩০ টাকা - https://tinyurl.com/56zccvum

---

গুজরাটে হিন্দুদের হামলার শিকার মুসলিম তরুণ, অভিযোগ আমলে নেয়নি পুলিশ

ভারতের গুজরাটের ইসানপুরে (আহমেদাবাদ) গতকাল ৫ আগস্ট এক মুসলিম যুবককে মারধর করেছে সন্ত্রাসী হিন্দুরা। এসময় তার মোবাইলও ছিনতাই করেছে তারা।

হিন্দুদের হামলার শিকার হওয়া ঐ মুসলিম যুবকের নাম জাভেদ। তিনি এক ভিডিও বার্তায় জানিয়েছেন, ঘটনার দিন সকাল ১০:৩০ এর দিকে তিনি তার কাজে যাচ্ছিলেন। ঐসময় উগ্রবাদী হিন্দুদের একটি র‍্যালি হাসান মালিক মসজিদ এলাকা অতিক্রম করছিল। হিন্দুরা তার নাম জিজ্ঞাসা করলে, তিনি জানান যে তার নাম জাভেদ। নাম শুনেই ঐ উগ্র হিন্দুরা তাকে মারতে শুরু করে।

জাভেদ আরও জানান, ঘটনার পর তিনি পুলিশ স্টেশনে গিয়েছিলেন। পুলিশের কাছে তিনি ঘটনা বর্ণনা করে একটি অভিযোগপত্র লেখার অনুরোধ জানান। তখন হিন্দুত্ববাদী পুলিশ কেবল সাদা কাগজ হাতে নেয়, কিন্তু জাভেদের অভিযোগও তারা শুনেনি কিংবা কোনো পদক্ষেপও নেয়নি।

সাম্প্রতিক সময়ে ভারতে মুসলিমদের উপর নির্যাতনের ঘটনা বেড়ে চলেছে। সেখানে মুসলিম পরিচয়কেই হিন্দুরা অপরাধ হিসেবে বিবেচনা করছে। যার কারণে কেবল ইসলামি নাম শুনেই মুসলিমদের উপর ঝাঁপিয়ে পড়ছে উগ্র হিন্দুরা। এটাকে ব্যাপক ভিত্তিক গণহত্যার শুরুর পর্ব বলে মনে করছেন বিশ্লেষকগণ।

তথ্যসূত্র :

----

1. Javed was on his way to work when Hindu extremists stopped him and enquired about

his name. When they found about his Muslim identity, he was ruthlessly beaten. - https://tinyurl.com/mw62422b

---

গাজায় দিনভর সন্ত্রাসী ইসরাইলের হামলা, শিশুসহ নিহত ১০ আহত ৫৫

ফিলিস্তিনের গাজা উপত্যকায় গতকাল (৫ আগস্ট) দিনভর ভয়াবহ বিমান হামলা চালিয়েছে দখলদার ইসরাইল। ফিলিস্তিনি মায়েদের করুণ আর্তনাদ ও রক্তে ভারী হয়ে উঠছে ফিলিস্তিনের ভূমি। হামলায় শিশুসহ অন্তত ১০ জন নিহত ও ৫৫ জন গুরুতর আহত হয়েছেন।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় হতাহতের খবর নিশ্চিত করে জানিয়েছে, হামলায় এক শিশুসহ আল কুদস ব্রিগেডের কমান্ডার তায়াসির আল-জাবারিও নিহত হয়েছেন। গাজা উপত্যকার কয়েটি এলাকা লক্ষ্য করে হামলাটি চালিয়েছে সন্ত্রাসী ইসরাইল।

গত সোমবার (১ আগস্ট) ফিলিস্তিনের পশ্চিম তীরে অভিযান চালিয়ে একজনকে হত্যা ও ফিলিস্তিনের এক সিনিয়র কর্মকর্তাসহ ২ জনকে গ্রেফতার করে সন্ত্রাসী ইসরাইল। এ সময় তার স্ত্রীকে আহত করে ইসরাইলি বর্বর সেনারা। এর প্রেক্ষিতে কয়েকদিন ধরে প্রতিবাদ জানিয়ে আসছিল ফিলিস্তিনিরা। এর প্রতিবাদ চলাকালিন সময়েই বর্বর হামলা চালালো ইসরাইল।

বিবৃতিতে হামলার কথা স্বীকার করে সন্ত্রাসী ইসরাইলি কর্তৃপক্ষ জানিয়েছে, আসন্ন হুমকি মোকাবেলায় 'ব্রেকিং ডন' নামক এ হামলা চালানো হলো। দখলদার প্রধানমন্ত্রী ইয়ার লাপিদ হুমকি দিয়ে বলেছে, 'ইসরাইলের ক্ষতি করার জন্য কেউ উঠে দাঁড়ালে তার কাছে আমরা পৌঁছে যাব। আমাদের নিরাপত্তা বাহিনী ইসরাইলের নাগরিকদের হুমকি দূর করতে ইসলামিক জিহাদের সদস্যদের দমন করবে।'

আগ্রাসী ইসরাইলের মুখপাত্র রিচার্ড হেইস্ট ফিলিস্তিনিদের হুমকি দিয়ে সাংবাদিকদের বলেছে, আমরা এখনও যুদ্ধ শেষ করিনি।'

ফিলিস্তিনের বিরুদ্ধে দখলদার বাহিনীর আগ্রাসী হামলার প্রেক্ষিতে এখন পর্যন্ত কোন আরব রাষ্ট্র প্রতিক্রিয়া জানায়নি। কথিত জাতিসংঘ ও পশ্চিমা বিশ্ব বরাবরের ন্যায় এখনও মৌন সম্মতি দিয়ে যাচ্ছে সন্ত্রাসবাদী ইসরাইলকে। অসহায় মুসলিমদের তাই নিজেদের প্রতিরক্ষার দায়িত্ব নিজেদের হাতে তুলে নেওয়া ছাড়া আর কোন বিকল্প পথ আছে কি না - এমন প্রশ্ন রেখেছেন ইসলামি চিন্তাবীদগণ।

তথ্যসূত্র:

----

1. Ten killed in Israeli airstrikes on Gaza Strip, 55 others injured, says Health Ministry- - https://tinyurl.com/mpbu3fz3

০৫ই আগস্ট, ২০২২

আসামে বুলডোজার দিয়ে মাদ্রাসা ভেঙ্গে দিয়েছে হিন্দুত্ববাদী প্রশাসন

আসামের মইরাবাড়ি এলাকার জামিউল হুদা মাদ্রাসাটি গত ৪ আগস্ট বৃহস্পতিবার হিন্দুত্ববাদী কর্তৃপক্ষ বুলডোজার চালিয়ে ভেঙে দিয়েছে। এ মাদ্রাসাটি মুফতি মোস্তফা পরিচালনা করতেন। সম্প্রতি হিন্দুত্ববাদী প্রশাসন উনার নামে মিথ্যে অভিযোগ এনে গ্রেফতার করেছে।

হিন্দুত্ববাদী পুলিশ কোন ধরণের তদন্দ ও প্রমাণ ছাড়াই বলেছে, উনার নাকি বাংলাদেশভিত্তিক জিহাদী সংগঠন আনসারুল্লাহ বাংলা টিম ও আল কায়দার সাথে সম্পর্ক রয়েছে। হিন্দুত্ববাদী সন্ত্রাসীরা ইতিমধ্যেই মুসলিমদের শাস্তি দেওয়ার জন্য মুসলমানদের বাড়িঘর এবং ব্যবসা প্রতিষ্ঠান বুলডোজার দিয়ে ভেঙ্গে দিচ্ছে। অন্যায়ভাবে মসজিদ-মাদ্রাসা গুড়িয়ে দেওয়াকে তারা অস্ত্র হিসেবে ব্যবহার করছে।

হিন্দুত্ববাদী আসাম প্রশাসন অনেক আগে থেকেই আসামের সকল মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দেওয়ার ঘোষণা দিয়েছে। বিভিন্ন সময় উচ্ছেদ অভিযানের নামেও মুসলিমদের শিক্ষা প্রতিষ্ঠান গুড়িয়ে দিয়েছে এই হিন্দুত্ববাদী প্রশাসন।

